দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 NOV 1998
পৃষ্ঠা ৭২ কলাম ৭

# শিক্ষা প্রতিষ্ঠানে বদলির সিদ্ধান্ত

দৈনিক জনকণ্ঠের ৯ নবেম্বর, ১৯৯৮ সংখ্যায় প্রকাশিত সংবাদে জানা গেল যে, সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে যাঁরা চার বছরের বেশি সময় একই স্থানে কাজ করছেন তাঁদের অন্যত্র বদলি করার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী যাঁদের চাকরি ঢাকায় চার বছর হয়েছে তাঁদের ঢাকার বাইরে যেতে হবে। আর ঢাকার বাইরে যাঁদের চার বছর হয়েছে তাঁদেরও ঢাকায় আনা হবে। সত্যিকার অর্থে জনস্বার্থে এটি একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

এখানে উল্লেখ্য যে, আজকাল শ্রেণীকক্ষে পাঠদানের পরিবর্তে স্কুল কলেজের অধিকাংশ শিক্ষককে প্রাইভেট টিউশনি ব্যবসায়ে বেশি ব্যস্ত থাকতে দেখা যায়। ফলে, শিক্ষার মান ক্রমশ নিচে নেমে যাচ্ছে। একই স্থানে বছরের পর বছর অবস্থান করে তাঁরা জমজমাট প্রাইভেট ব্যবসার পাশাপাশি স্থানীয় দলাদলি ও রাজনীতিতে বেশি ঝুঁকে পড়েন। ফলে বদলির আদেশ পেলে তাঁরা ব্যাপক তদ্বিরের মাধ্যমে তা বাতিল করে ফেলেন। যেসব শিক্ষক যুগযুগ ধরে ঢাকায় অবস্থান করেন তাঁরা নিজেদের 'এলিট' শ্রেণীর বলে ভাবতে শুরু করেন। কারণ তাঁরা সরকারী বাসা না পেলে উচ্চহারে বাড়ি ভাড়া প্রাপ্তির সুবিধাসহ নানান সুবিধা ভোগ করে থাকেন। পক্ষান্তরে মফস্বলের শিক্ষকগণ এসব সুবিধা না পেয়ে নিজেদের বঞ্চিত ভেবে নানা ধরনের হতাশায় ভোগেন। ফলে কাজেকর্মে শিথিলতা দেখা দেয়। তাই সামগ্রিক জনস্বার্থে শুধু সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নয় বরং প্রতিটি সরকারী, আধাসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অনুরূপ সিদ্ধান্ত হওয়া অত্যন্ত জরুরী। আর শুধু কাগজে কলমে সিদ্ধান্ত গ্রহণ নয়, সেগুলো দ্রুত যথাযথভাবে বাস্তবায়ন আবশ্যক। আশা করি বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের সাধারণ মানুষের স্বার্থে এ ধরনের একটি বাস্তব সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং আগামী জানুয়ারি-মার্চ '৯৯-এর মধ্যে তা পুরোপুরি বাস্তবায়নে সচেষ্ট হবেন।

হাসান মাসুদ
কলেজ রোড
ময়মনসিংহ।